



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২২১০

তারিখঃ ২৩/১০/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ যশোর, ঝিনাইদহ ও মাগুরা জেলার ০৭ টি উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে অনিয়ম/অসঙ্গতি।


বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন প্রকল্প। প্রকল্পের আওতায় গ্রামীণ দরিদ্র মহিলাদের সংগঠিত করে তাদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রকল্পের সদর দপ্তর হতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যশোর জেলার যশোর সদর, শার্শা, কেশবপুর, মনিরামপুর ও ঝিকরগাছা উপজেলা এবং ঝিনাইদহ ও মাগুরা জেলার যথাক্রমে কালিগঞ্জ ও শ্রীপুর উপজেলায় প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনকালে নিম্নোক্ত অনিয়ম/অসঙ্গতি পরিলক্ষিত হয়।

নতুন টেবিল

জেলার নাম	উপজেলার নাম	কিস্তি খেলাপী		মেয়াদোত্তীর্ণ খেলাপী		তহবিল ঘাটতি/উদ্বৃত্ত
		মাসিক রিপোর্ট অনুযায়ী	প্রকৃত খেলাপী	মাসিক রিপোর্ট অনুযায়ী	প্রকৃত খেলাপী	
যশোর	যশোর সদর	০০	১৯.৫৩	৪.৭০	৪.৭৪	+০.৯৯
	ঝিকরগাছা	০০	১১.০০	০০	০০	১১.৪০
	শার্শা	১.৩০	১০.৯৪	৪.৮৪	৪.২৯	১৫.৫৩
	মনিরামপুর	০০	৯.৮৬	১০.৬২	১৩.১৬	৮.৭২
	কেশবপুর	০০	৯.৮৬	.৬৫	২.৫০	১২.৯৯
ঝিনাইদহ	কালিগঞ্জ	০০	১০.২৯	৫.৩৮	৬.৭৫	৩.৭৯
মাগুরা	শ্রীপুর	০০	২২.১১	০.৫৯	০.৫৯	১৩.৫০

- ১। উপরোক্ত উপজেলাসমূহ আগস্ট/১৪ মাসের মাসিক রিপোর্টে প্রকৃত কিস্তি খেলাপী এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী প্রদর্শন করেনি।
- ২। আগস্ট/১৪ মাসের মাসিক রিপোর্ট, ক্যাশবই ও ব্যাংক স্থিতির সাথে হিসাব মিলকরণ এবং উপজেলা হতে প্রাপ্ত রিপোর্টে পরিলক্ষিত হয় শুধু মাত্র যশোর সদর উপজেলায় তহবিল উদ্বৃত্ত রয়েছে বাকি সকল উপজেলায় তহবিল ঘাটতি রয়েছে।

উপরোক্ত অনিয়ম/অসঙ্গতির বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে একটি বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ২। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
যশোর সদর/শার্শা/কেশবপুর/মনিরামপুর/ঝিকরগাছা/কালিগঞ্জ/শ্রীপুর উপজেলা,-----জেলা।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি  
যশোর সদর/শার্শা/কেশবপুর/মনিরামপুর/ঝিকরগাছা/কালিগঞ্জ/শ্রীপুর উপজেলা,-----জেলা।
- ৫। অফিস কপি।